



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন- ২ অধিশাখা
www.mopme.gov.bd

বিষয়ঃ সিটিজেন চার্টার বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোছাঃ নূরজাহান খাতুন
যুগ্মসচিব (প্রশাসন), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
স্থান : যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের দপ্তর।
তারিখ : ১১.১২.২০২২ খ্রিঃ
সময় : বেলা ১০:০০ ঘটিকা

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ: স্বাক্ষরের ক্রমানুসারে (পরিশিষ্ট-ক)

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.২ সেবা প্রদান প্রতিশ্রুতি সিদ্ধান্ত সঠিকভাবে মূল্যায়ন হচ্ছে কিনা তা পরীক্ষা-নিরীক্ষার জন্য কমিটির সভাপতিসহ অন্যান্য সদস্যগণ কর্তৃক এ মন্ত্রণালয়ের প্রশাসন-১ শাখার কর্মকর্তাদের জিপিএফ থেকে অগ্রিম উত্তোলন সংক্রান্ত নথি পরীক্ষা করা হয়। নথিটি পরীক্ষান্তে দেখা যায় যে, মোঃ আক্তার হোসেন, সহকারী সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর ভবিষ্য তহবিল হইতে অগ্রিম মঞ্জুরির আবেদনের প্রস্তাব নির্ধারিত ফরমে মন্ত্রণালয়ের শাখায় ২২/০৯/২০২২ তারিখে শাখায় গৃহীত হয়েছে। ২২/০৯/২০২২ তারিখে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। অনুমোদনের পর ২৫/০৯/২০২২ তারিখে তার ভবিষ্য তহবিল হইতে অগ্রিম মঞ্জুরির সরকারি আদেশ জারি করা হয়েছে। এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় পত্র প্রাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যেই কাজটি সম্পাদন করা হয়েছে।

০২। এছাড়াও এ মন্ত্রণালয়ের প্রশাসন-২ শাখার কর্মকর্তাদের বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর সংক্রান্ত নথি পরীক্ষা করেন। নথিটি পরীক্ষান্তে দেখা যায় যে, রুবাইয়াত নাজমুন, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বেলাব, নরসিংদী এর বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরির আবেদনের প্রস্তাব নির্ধারিত ফরমে মন্ত্রণালয়ের শাখায় ০২/০৮/২০২২ তারিখে প্রেরণ করা হয়েছে। ০৩/০৮/২০২২ তারিখে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়েছে। অনুমোদনের পর ০৪/০৮/২০২২ তারিখে তার বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরির অফিস আদেশ জারি করা হয়েছে এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় পত্র প্রাপ্তির পর নির্ধারিত সময়ের মধ্যেই কাজটি সম্পাদন করা হয়েছে।

০৩। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২৩ এর ১.৩ এ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা আয়োজন করার বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় সভার সদস্যগণ দ্রুততম সময়ের মধ্যে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে সভা আয়োজনের বিষয়ে একমত পোষণ করেন।

০৪। বর্ণিত বিষয়ে সভায় আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) এ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সেবাসমূহ সিটিজেন চার্টারে উল্লেখিত সময়ের মধ্যে নিশ্চিত করতে হবে।

(খ) মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করতে হবে এবং ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।

(গ) এ মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে দ্রুততম সময়ের মধ্যে সভার আয়োজন করতে হবে।

০৫। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বাক্ষরিতঃ/-
১১/১২/২০২২ ইং
(মোছাঃ নূরজাহান খাতুন)
যুগ্মসচিব (প্রশাসন)
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

নম্বর ৩৮.০০.০০০০.০০২.৩৪.০০১.২২-১৮৪১

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৯
১১ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৩. মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা।
৪. মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিসীক্ষণ ইউনিট, শিক্ষাভবন, ঢাকা।
৫. মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি (নেপ), ময়মনসিংহ।
৬. যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপসচিব (প্রশাসন-১), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
৯. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. প্রোগ্রামার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. অফিস কপি।



(ড. বিল কাস বেগম)

উপসচিব

ফোনঃ ৫৫১০০৯২৮

ই-মেইল: dsad@mopme.gov.bd